

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।



মার্চ/২২ইং-এপ্রিল/২২ ইং

০৩/০৩/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা যুব ক্রীড়া উন্নয়ন স্থানীয় কমিটির কার্যবিবরণী :-
সভাপতি : মো: নূর জামাল হাওলাদার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি।
সভার স্থান: উপজেলা ভাইস চেয়ারম্যান অফিস কক্ষ।
তারিখ: ০৩/০৩/২০২২ স্থি: সকাল ১০.০০ ঘটিকা।
অদ্য ০৩/০৩/২০২২ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সভাপতি, যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি এবং ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ নানিয়ারচর, রাঙ্গামাটি এর অফিস কক্ষে তার সভাপতিত্বে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	ড্রাম্যমান প্রশিক্ষণ	উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থানীয় কমিটির সভাপতি জনাব মো: নূর জামাল হাওলাদার উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি কমিটির সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে যুব ও ক্রীড়া কার্যক্রম সম্পর্কে আলোচনা করার জন্য আহ্বান জানান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে উপজেলার ০৩(তিন) ব্যাচের মোট ৯০(নব্বই)জন বেকার যুব ও যুব মহিলার সমন্বয়ে স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ দেওয়া যেতে পারে। এ ব্যাপারে উপজেলা পরিষদকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যেতে পারে।	সভাপতি মহোদয় ও উপস্থিত সদস্যগণ যুব উন্নয়ন কর্মকর্তার সাথে একমত পোষন করে ০৩(তিন) ব্যাচের মোট ৯০(নব্বই) যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

(মো: নূর জামাল হাওলাদার)

সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থানীয় কমিটি
ও ভাইস চেয়ারম্যান, নানিয়ারচর, রাঙ্গামাটি।

তারিখ: ০৩/০৩/২০২২ স্থি:

স্মারক নং- ৩৪.০১.৮৪৭৫.০০০.০৬.১০৬.১৫-৩৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নানিয়ারচর, রাঙ্গামাটি।
- ০৪। চেয়ারম্যান,ইউপি (সকল)
- ০৫। অফিস কপি।

(মো: আজিজুল হক)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(চ:দা:)
নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।